



সিরাজগঞ্জ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
অনলাইনে মনোনয়ন ফরম পূরণের নির্দেশাবলীঃ

অনলাইনে মনোনয়নপত্র দাখিলের নির্দেশাবলী:

- অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য প্রথমে রেজিস্ট্রেশন লিংকে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন হলে যে মোবাইল নাম্বার দিয়ে রেজিস্ট্রেশন করা হয়েছে, সেই মোবাইল নাম্বারে ইউজার আইডি এবং এককালীন পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড সতর্কতার সাথে সংরক্ষণ করুন।
- লগইন পেইজে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন। এর পর নতুন করে পাসওয়ার্ড রিসেট করুন এবং নতুন পাসওয়ার্ডটি সংরক্ষণ করুন।
- প্রার্থীর ড্যাশবোর্ডের বামপাশের মেনু হতে পর্যায়ক্রমে প্রার্থী মনোনয়ন, প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি, প্রার্থীর হলফনামা, নির্বাচনী ব্যয়, সম্পদ ও দায়, প্রার্থীর ফাইল সংযুক্তিকরণ, জামানত এবং চূড়ান্ত দাখিল এর ধাপসমূহ সম্পন্ন করুন।
- সঠিকভাবে মনোনয়নপত্র দাখিল করা হলে মোবাইলে বার্তার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের পর, যাচাই-বাছাইয়ের প্রতিটি স্ট্যাটাস মোবাইলে বার্তার মাধ্যমে প্রার্থীকে জানানো হবে।

অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে হলে নিম্নোক্ত ডকুমেন্টস এর স্ক্যানড কপি প্রয়োজন হবে:

- প্রার্থীর সদ্য তোলা রঞ্জীন পাসপোর্ট সাইজের ছবি (jpeg/jpg ফরম্যাট)
- স্ট্যাম্প পেপারে যথাযথ স্থানে ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিকের স্বাক্ষরিত হলফনামা (প্রার্থীর মনোনয়ন সমাপ্তের পর হোম পেজ থেকে মনোনয়ন পত্র ডাউনলোড করে স্ট্যাম্প পেপারে প্রিন্ট করতে হবে, pdf ফরম্যাট)
- রাজনৈতিক দলের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে, pdf ফরম্যাট)
- আয়কর রিটার্নের কপি, সম্পদের বিবরণী ও সর্বশেষ আয়কর পরিশোধের প্রমাণপত্র/রশিদ (pdf ফরম্যাট)
- সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র (pdf ফরম্যাট)
- ভোটার তালিকার সিডি কেনার রশিদ (pdf ফরম্যাট)
- অন্যান্য কাগজপত্র (pdf ফরম্যাট)

বিস্তারিত জানার জন্য নিচের লিংকে প্রবেশ করে নির্দেশিকা ডাউনলোড করুন-

<https://onss.ecs.gov.bd>

• মনোনয়নপত্র দাখিলের জামানত সংক্রান্তঃ

পদের নাম	মনোনয়নপত্র দাখিলের জামানতের টাকার পরিমাণ	জামানত ট্রেজারী চালানে জমা দেওয়ার কোড নম্বর
চেয়ারম্যান	১০০০০০	১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১
ভাইস চেয়ারম্যান	৭৫০০০	
মহিলা ভাইস চেয়ারম্যান	৭৫০০০	

• ভোটার তালিকার সিডি ক্রয়-বাবদঃ

উপজেলার নাম	ভোটার তালিকার সিডি ক্রয়ের টাকার পরিমাণ	ট্রেজারী চালানে জমা দেওয়ার কোড নম্বর
কাজিপুর	১০৫০০	১০৬-০১০১-১০০১২৫-১৪২৩২৫৩
সিরাজগঞ্জ সদর	১২৫০০	
বেলকুচি	৭৫০০	

- অনলাইনে মনোনয়নপত্র দাখিলের পর মুদ্রিত কপির ২ সেট রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসার এর নিকট দাখিল করতে হবে।
- মনোনয়নপত্র দাখিলের শেষ সময় ১৫/০৪/২০২৪ তারিখ (সোমবার) বিকাল ৪ ঘটিকা পর্যন্ত।